



# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম।



স্মারক নং: এ-২(৬)/০৪/২০২২/১০৫৯৮/সাধারণ

তারিখ: ১৩-১১-২০২২

## -: নিয়োগ বিজ্ঞপ্তি :-

এ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/হল/দপ্তরে নিম্নবর্ণিত শূন্যপদসমূহ পূরণের জন্য বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক	পদের নাম	বিভাগ/হল/দপ্তরের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল-২০১৫
১	উচ্চমান সহকারী (ছায়ী)	হিসাব নিয়ামক দপ্তর	০১(এক)টি	৳১১০০০-২৬৫৯০/-
২	উচ্চমান সহকারী (ছায়ী)	গণিত বিভাগ	০১(এক)টি	৳১১০০০-২৬৫৯০/-
৩	উচ্চমান সহকারী (ছায়ী)	চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রেস	০১(এক)টি	৳১১০০০-২৬৫৯০/-
৪	ড্রাইভার (ছায়ী)	পরিবহন দপ্তর	০৩(তিন)টি	৳৯৩০০-২২৪৯০/-
৫	ওয়ার্ক সুপারভাইজার (ছায়ী)	প্রকৌশল দপ্তর	০১(এক)টি	৳৯৩০০-২২৪৯০/-
৬	নিম্নমান সহকারী (ছায়ী)	রেজিস্ট্রার দপ্তর	০১(এক)টি	৳৯৩০০-২২৪৯০/-
৭	নিম্নমান সহকারী (ছায়ী)	দেশনেত্রী বেগম খালেদা জিয়া হল	০১(এক)টি	৳৯৩০০-২২৪৯০/-
৮	কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী (ছায়ী)	পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর	০১(এক)টি	৳৯৩০০-২২৪৯০/-

### পদসমূহের জন্য প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

ক্রমিক-১ ও ২ নং পদের জন্য প্রার্থীগণকে অবশ্যই গ্রাজুয়েট/সমমান হতে হবে। কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে অফিসের কাজে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ও ইংরেজি টাইপের জ্ঞান থাকতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-৩ নং পদের জন্য প্রার্থীকে অবশ্যই গ্রাজুয়েট/সমমান হতে হবে এবং বাংলা ও ইংরেজি ভাষা জ্ঞানের দক্ষতাসহ কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে প্রফ রিডিং এর কাজে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ও ইংরেজি টাইপের জ্ঞান থাকতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-৪ নং পদের জন্য প্রার্থীগণকে কমপক্ষে ৮ম শ্রেণি পাশ এবং ভারী/হালকা গাড়ি চালানোর লাইসেন্সধারী হতে হবে। প্রার্থীগণকে ভারী/হালকা গাড়ি চালানোর কাজে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

ক্রমিক-৫ নং পদের জন্য প্রার্থীকে এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে। কনস্ট্রাকশন সংক্রান্ত কাজের তদারকিতে ০২(দুই) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই MS Word (with Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-৬ ও ৭ নং পদের জন্য প্রার্থীগণকে এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে এবং সংশ্লিষ্ট অফিসের কাজে ০৫(পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বাংলা ও ইংরেজি টাইপের জ্ঞান থাকতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

ক্রমিক-৮ নং পদের জন্য প্রার্থীকে কমপক্ষে এইচ.এস.সি/সমমান পাশ হতে হবে। বাংলা ও ইংরেজীতে প্রতি মিনিটে যথাক্রমে ২৫ ও ৪৫ শব্দ টাইপের গতি থাকতে হবে। প্রার্থীগণকে অবশ্যই MS Word (With Bijoy) এবং MS Excel কোর্সসহ কম্পিউটার পরিচালনার জ্ঞান থাকতে হবে।

রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা, চট্টগ্রাম হতে দরখাস্তের ফি বাবদ ৳৪০০(চারশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংগ্রহপূর্বক চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার দপ্তরের সংশ্লিষ্ট শাখা হতে ০১(এক) কপি নমুনা ফরম সংগ্রহ করে আগামী ০৫-১২-২০২২ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (সকাল ৯:০০ টা হতে দুপুর ৩:০০ টা) নিম্নস্বাক্ষরকারীর বরাবরে ০৬(ছয়) কপি দরখাস্ত পাঠাতে হবে। ০১(এক) কপি দরখাস্ত গ্রহণ করা হবে না। কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছানো ঝুঁকিপূর্ণ বলে সরাসরি বা ডাকযোগে দরখাস্ত পাঠানোর জন্য পরামর্শ দেয়া হলো।


মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে অন্য কোনো প্রতিষ্ঠানের শেষ মূল বেতন সনদ (এল.পি.সি) গ্রহণ করা হবে না।

সাম্প্রতিককালের তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত ছবি এবং সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, কম্পিউটার প্রশিক্ষণ সনদ, জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন সনদ ও জাতীয়তা সনদের সত্যায়িত কপি অবশ্যই দরখাস্তের সঙ্গে সংযুক্ত করতে হবে।

কোন বিভাগ/হল/দপ্তরের পদের জন্য আবেদন করছেন তা অবশ্যই উল্লেখ করতে হবে। প্রত্যেক পদের জন্য আলাদা-আলাদা দরখাস্ত জমা দিতে হবে। একটি দরখাস্তে একাধিক অফিস বা পদের নাম উল্লেখ করা যাবে না।

ফি ছাড়া, নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত দরখাস্ত এবং উপরে বর্ণিত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের ড্রাফট/পে-অর্ডার গ্রহণ করা হবে না।

চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।


  
১৬/১১/২০২২

(প্রফেসর এস. এম. মনিরুল হাসান)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

চট্টগ্রাম।

  
১৬.১১.২০২২